


NYS ড্রিম অধিনিয়ম (NYS DREAM Act)



সিনেটর José Peralta-র নিউ ইয়র্ক স্টেট ড্রিম অধিনিয়ম (“NYS ড্রিম অধিনিয়ম NYS DREAM Act”) এখন পাওয়া যাচ্ছে! অনর্থিত শিক্ষার্থী এবং অন্যান্য অভিবাসী শিক্ষার্থীরা এখন নিউ ইয়র্ক টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP) সহ নিজের উচ্চ শিক্ষার খরচের জন্য নিউ ইয়র্ক স্টেট-পরিচালিত অনুদান এবং ছাত্রবৃত্তি পাওয়ার সুযোগ পাবেন। **আবেদন এবং সহায়তামূলক সামগ্রী এখানে www.hesc.ny.gov/dream পাওয়া যাচ্ছে।**

উচ্চ শিক্ষা পরিষেবা নিগম (Higher Education Services Corporation, HESC) বিবৃতি দিয়েছে যে অভিবাসন স্থিতি এবং NYS হাই স্কুল অথবা NYS হাই স্কুল সমমান প্রকল্প সম্পর্কিত মাপদণ্ডের ওপর যোগ্যতা নির্ভর করবে।

কারা সুবিধা পাবেন?

HESC অনুযায়ী, আপনার অভিবাসন স্থিতি এবং কখন এবং কোথায় আপনি গ্র্যাজুয়েট হাই স্কুলে গেছেন অথবা আপনার হাই স্কুল সমমান ডিপ্লোমা পেয়েছেন তার ওপর আর্থিক সহায়তার জন্য যোগ্যতা নির্ভর করবে।

যোগ্য অভিবাসন স্থিতি

HESC অনুযায়ী যদি আপনার কাছে একটি U ভিসা, একটি T ভিসা, TPS, DACA থাকে অথবা কোনও অভিবাসন স্থিতি না থাকে তাহলে আপনি যোগ্য হতে পারেন। যদি আপনি NYS-এ না বসবাস করেন এবং যদি আপনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক, গ্রীন কার্ড ধারক, শরণার্থী, অথবা উদ্বাস্তু হন তাহলেও আপনি যোগ্য হতে পারেন।

স্কুলিং

আপনি NYS-এ স্কুলে পড়েছেন তা আপনাকে অবশ্যই দেখাতে হবে। যারা আন্ডারগ্র্যাজুয়েট স্তরে আর্থিক সহায়তার জন্য আবেদন করছেন:

যদি আপনি NYS-এ হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হয়ে থাকেন:

- আপনাকে অবশ্যই 2 বা তার চেয়ে বেশি বছরের জন্য NYS হাই স্কুলে যেতে হবে।
- আপনাকে অবশ্যই হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার 5 বছরের ভিতরে আবেদন করতে হবে।

যদি আপনার কাছে NYS হাই স্কুল সমমান ডিপ্লোমা থাকে:

- আপনাকে অবশ্যই হাই স্কুল সমমান ডিপ্লোমা পাওয়ার 5 বছরের ভিতরে আবেদন করতে হবে।

গ্র্যাজুয়েট স্কুল অনুদানের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের 10 বছরের ভিতরে আবেদন করতে হবে।

কখন আমাকে আবেদন করতে হবে?

NYS ড্রিম অধিনিয়মের জন্য আবেদন এখনই করা যাবে। আমরা যোগ্য শিক্ষার্থীদের যতটা শীঘ্র সম্ভব আবেদন করার জন্য উৎসাহিত করছি। TAP রোলিং ভিত্তিতে আবেদন গ্রহণ করে।

কিছু নির্দিষ্ট ছাত্রবৃত্তি এবং অনুদানের জন্য অতিরিক্ত শেষ তারিখ থাকতে পারে। অন্যান্য শেষ তারিখ এবং আপনার জন্য খোলা সুযোগের জন্য আপনার স্কুলে খোঁজ নিন।

যদি আপনার NYS ড্রিম অধিনিয়ম সম্পর্কে আরও প্রশ্ন থাকে, তাহলে উচ্চ শিক্ষা পরিষেবা নিগমের সঙ্গে কথা বলার জন্য, যারা NYS ড্রিম অধিনিয়ম এবং NYS আর্থিক সহায়তার তদারকি করে, NYSDREAM@applyISTS.com-এ ইমেল করুন অথবা 888-697-4372 নম্বরে কল করুন।

শিক্ষাগত পরিষেবা এবং NYS ড্রিম অধিনিয়ম সম্পর্কে আরও অতিরিক্ত তথ্যের জন্য on.nyc.gov/NYSDREAMAct-এ MOIA-এর পেজ দেখুন।

প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্ন

এখন কি NYS-এর অনর্থিত শিক্ষার্থীরা অন্য ধরনের ফেডেরালি-ফান্ডেড টিউশন সহায়তা, যেমন পেল (Pell) অনুদান এবং (FAFSA) পাওয়ার সুযোগ পাবেন?

- **না।** NYS ড্রিম অধিনিয়ম অন্যান্য ফেডেরাল প্রকল্প যেমন Pell অনুদান এবং FAFSA-এর যোগ্যতাকে প্রভাবিত করে না। কেবল ফেডেরাল সরকার এই ধরনের পরিবর্তন করতে পারে।

NYS ড্রিম অধিনিয়ম কি ড্রিমারদের নাগরিকত্বের একটি পথ?

- **না।** NYS ড্রিম অধিনিয়মের অধীনে অনর্থিত শিক্ষার্থী সহ আরও বেশি শিক্ষার্থীরা NYS টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রামের জন্য যোগ্য হবেন।
- **এই আইনের নাগরিকত্ব প্রদান করার সঙ্গে কোনও সম্পর্ক নেই।** কেবল ফেডেরাল সরকার অভিবাসন সম্পর্কিত স্থিতি পরিবর্তন করতে পারে।
- de Blasio প্রশাসন ড্রিমার সহ অনর্থিত অভিবাসীদের নাগরিকত্বের একটি পথ প্রদান করার ফেডেরাল প্রয়াসকে সমর্থন করে এবং সমস্ত অভিবাসীদের অধিকারের জন্য নিরন্তর ওকালতি করবে।

আর্থিক সহায়তার জন্য আবেদন করার সময় আমাকে কি আমার অভিবাসন স্থিতি প্রকাশ করতে হবে? এই তথ্যগুলি কি সুরক্ষিত থাকবে?

- **হ্যাঁ।** যোগ্যতা নির্ধারণ করার উদ্দেশ্যে NYS ড্রিম অধিনিয়মের জন্য আবেদনে অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। এছাড়াও, আইনি অভিবাসন স্থিতি-বিহীন শিক্ষার্থীদের স্কুলে একটি হলফনামা জমা করতে হবে এবং সেটির মধ্যে উল্লেখ থাকবে যে তারা তাদের স্থিতি আইনত করার জন্য আবেদন জমা করেছেন বা যোগ্য হওয়ার পর যতটা তাড়াতাড়ি সম্ভব জমা করবেন।
- NYS আইন এবং ফেডেরাল আইন শিক্ষাগত সংস্থা দ্বারা অভিবাসন স্থিতি সম্পর্কে গৃহীত তথ্য সহ শিক্ষার্থীর তথ্য সুরক্ষিত রাখে।